

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(এনডিআরসিসি)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৫১.০০.০০০০০.৪২৩.৪০.০০৪.১২-৩৫১

তারিখঃ ০৫/১১/২০১৬ খ্রিঃ।

**আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ১২ (বার), তারিখ: ০৫.১১.২০১৬ খ্রিঃ**

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (১৯.৫৬ উত্তর অক্ষাংশ এবং ৮৯.০৬ পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ রাত ০৯ টায় (০৫ নভেম্বর ২০১৬ খ্রিঃ) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৪৩৫ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৩৯৫ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্র বন্দর থেকে ৩৩৫ কিঃ মিঃ দক্ষিণ-দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৩১০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও ঘণীভূত ও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আগামীকাল (০৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ) সকাল নাগাদ বরিশাল-চট্টগ্রাম উপকূল অতিক্রম করতে পারে। গভীর নিম্নচাপটির প্রভাবে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে ভারী থেকে অতি ভারী বর্ষণসহ দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যাচ্ছে।

গভীর নিম্নচাপ কেন্দ্রের ৪৮ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৫০ কিঃমিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৬০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। গভীর নিম্নচাপ কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর খুবই উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত পুনঃ ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

গভীর নিম্নচাপের প্রভাবে উপকূলীয় জেলা চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী, চাঁদপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহে ভারী থেকে অতি ভারী বর্ষণসহ ঘন্টায় ৫০-৬০ কিঃমিঃ বেগে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। গভীর নিম্নচাপের প্রভাবে উপকূলীয় জেলা চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী, চাঁদপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ২-৩ ফুট অধিক উচ্চতার বায়ু তাড়িত জলোচ্ছ্বাসে প্রাণিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

২। দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশাবলীর আলোকে উপজেলা ও জেলা সদরে নিয়ন্ত্রণ কক্ষ খোলাসহ অন্যান্য জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-  
ভারপ্রাপ্ত কর্মকর্তা  
এনডিআরসিসি  
ফোনঃ ৯৫৪৫১১৫

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল।
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার/নোয়াখালী/লক্ষীপুর/ফেনী/চাঁদপুর/খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/ বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/ পটুয়াখালী/ বরগুনা।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপকূলীয় উপজেলা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যয়), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যয়), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।